কোটচাঁদপুর বিএনপির ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপির ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে উপজেলা ও পৌর বিএনপি । বৃহস্পতিবার সকলে স্হানীয় উপজেলা বিএনপির কার্যলয়ে প্রতিষ্ঠা বর্ষিকী পালন করা হয়।

এই উপলক্ষ্যে দলটি বিভিন্ন কর্মসূচির আয়োজন করেন। যার মধ্যে ছিল জাতীয়, ও দলীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা, ও দোয়া মহাফিল। কর্মসূচি পালনে স্হানীয় নেতা কর্মীরা সকাল ৮.০০টায় দলীয় কার্যলয়ে জড়ো হতে থাকে। এর পর জাতীয়, ও দলীয় পতাকা উত্তোলন,করা হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটি সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি অধ্যপক আব্দুর রাজ্জাক,সাভেক জেলা বিএনপির সহ সভাপতি মোঃ আবু বক্কর বিশ্বাস পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহ সভাপতি মোঃ সাইফুল ইসলাম মিন্টু, যুগ্ন সহ সাধারণ সম্পাদক মোঃ আলমগীর খান,উপজেলা বিএনপির তত্ব ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, পৌর বিএনপি তত্ব ও গবেষণা বিষয়ক সম্পাদক রায়হান উদ্দিন।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক মোঃ লিয়াকত আলী।

ঝিনাইদহে বিএনপি নেতাকর্মীদের উপর হামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিএনপি নেতাকর্মীদের উপর সন্ত্রাসী হামলা, ব্যবসায় প্রতিষ্ঠান ও বাড়িঘর ভাংচুর ও লুটপাটের অভিযোগ করে সংবাদ সম্মেলন করেছে জেলা বিএনপি।

বুধবার (৩১আগস্ট) বেলা ১২টায় শহরের এইচএসএস সড়কস্থ জেলা বিএনপির কার্যালয়ে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ লিখিত বক্তব্যে বলেন, গত কাল মঙ্গলবার বিএনপির কেন্দ্রীয় ঘোষিত বিক্ষোভ কর্মসূচী সফল করার লক্ষ্যে ঝিনাইদহের প্রত্যন্ত অঞ্চল থেকে নেতা কর্মীদের আসা এবং যাওয়ার পথে তাদের উপর দেশীয় অস্ত্র, লাঠি, রামদা, হকিস্টিক ও হাতুড়ি দিয়ে হামলা করা হয়েছে। ভাংচুর ও লুট করা হয়েছে বিএনপি নেতাদের ব্যবসায় প্রতিষ্ঠান এবং বাড়ি ঘর। হামলায় শতাধিক নেতাকর্মী আহত হয়েছেন। এরমধ্যে ২৭ জন গুরুতর আহত হয়ে ঝিনাইদহ, কালীগঞ্জ, শৈলকুপা, ঢাকা ও যশোরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তিনি বলেন সমাবেশে আসা যাওয়ার পথে আ’লীগের সন্ত্রাসী বাহিনী এই হামলা চালায়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, উপজেলা বিএনপির সভাপতি মুন্সি কামাল আজাদ পাননু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপপু, পৌর বিএনপির সভাপতি আব্দুল মজিদ বিশ্বাস, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলামগীর হোসেন আলম।

এছাড়াও বিএনপি নেতা শাহজাহান আলী, আবু বক্কার সিদ্দিক,আসিফ ইকবাল মাখন, কামরুজ্জামান লিটন, আমিনুল ইসলাম লিটন, মহিলাদল নেত্রী অধ্যক্ষ কামরুজ্জামান লিজি, তহুরা বেগম, যুবদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, মিজানুর রহমান সুজন, প্রভাষক কামাল হোসেন, মাহফুজুর রহমান ইপিআরসহ জেলা, উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে এমএ মজিদ আরও বলেন, কেন্দ্রীয় কর্মসূচীর অংশ

হিসেবে মঙ্গলবার বিকালে ঝিনাইদহ শহরের উজির আলী হাইস্কুল মাঠে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। এই সমাবেশে যোগদানের উদ্দেশ্যে সদর উপজেলার ১৭টি ইউনিয়ন ও জেলার ৬টি উপজেলা থেকে বিএনপি’র নেতাকর্মীরা আসতে শুরু করে। তৃনমূল পর্যায়ের নেতাকর্মীরা যাতে এই সমাবেশে অংশগ্রহণ করতে না পারে সে জন্য সরকার দলীয় লোকজন বিভিন্ন মোড়ে মোড়ে বিএনপির নেতাকমীদের উপর হামলা চালায়। হামলায় বিএনপি’র প্রায় ১০০ জনের অধিক নেতাকর্মী আহত হয়।

তিনি আরও বলেন এই হামলা হয়েছে ঝিনাইদহ সদর আসনের এমপির ইন্ধনে। এছাড়া সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে নিজেরা আগুন দিয়ে বিএনপি’র ১২ নেতাকর্মীর নামে মিথ্যা ও ষড়যন্ত্রমূলক মামলা করেছে বলে লিখিত বক্তব্যে অভিযোগ করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে হুসিয়ার উচ্চারণ করে বলা হয়, এভাবে যদি একের পর এক হামলা ও নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা করা হয় তাহলে প্রতিবাদ স্বরুপ বিএনপি ঝিনাইদহ জেলায় অবরোধ ও হরতালের মত কঠোর কর্মসূচী দিতে বাধ্য হবে।

বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসলামকে দল থেকে বহিষ্কার

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক আসলাম হোসেনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

গত সোমবার চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জামান শরীফ স্বাক্ষরিক এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ন শাখার নির্বাচিত সাধারণ সম্পাদক মোঃ আসলাম হোসেনকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিজ পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

একই সাথে মো. আব্দুর রহিম বাদশাকে বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়েছে। এখন থেকে তিনি সাধারণ সম্পাদক হিসেবে বিএনপির সকল দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য মো. আসলাম হোসেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক থাকা অবস্থায় গত ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের পুষ্পস্তবক অর্পণ করেন। দল পর্যায়ের নেতাকর্মীরা তার শাস্তিমূলক ব্যবস্থার দাবি জানান।

তারই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জাম শরীফ এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ঝিনাইদহে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, অসহনীয় লোডশেডিং, দ্রব্যমূল্যের উর্দ্ধগতি, ভোলায় দলীয় দুই নেতা হত্যা ও যশোরে বিএনপি নেতাদের বাড়িতে হামলা ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে শহরের উজির আলী স্কুল মাঠে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে এ সমাবেশের আয়োজন করেন জেলা বিএনপি। দুপুরের পর থেকেই জেলার বিভিন্ন উপজেলা থেকে নেতাকর্মীরা সমাবেশ স্থলে হাজির হয়।

এর আগে সমাবেশে আসার পথে বিভিন্ন স্থানে তাদের আওয়ামী লীগ ও ছাত্রলীগ কর্মীরা বাঁধা দেয়। আওয়ামী লীগের হামলায় অন্তত ২৫ জন আহত হয় বলে সমাবেশে অভিযোগ করা হয়।

বিকেলে অনুষ্ঠিত সমাবেশে বিএনপির কেন্দ্রীয় নেতা শামসুজ্জামান দুদু, আমিরুজ্জামান খান শিমুল, জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা বলেন, দ্রুতই এই সরকারকে

ক্ষমতা থেকে নামানো হবে। তাই নেতাকর্মীদের আরও ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

মেহেরপুর জেলা বিএনপির আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালন

জাতিসংঘ কর্তৃক প্রত্যেকটি গুম খুনের আন্তর্জাতিক তদন্তের দাবি এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গুমের শিকার ব্যাক্তিদের স্মরণে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলা বিএনপি’র মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল ও সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন।

এছাড়াও জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় মেহেরপুর জেলা, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা

বিএনপি’র একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।

গাংনী উপজেলা ছাত্রলীগ সভাপতি-সম্পাদকসহ ১৪ নেতার বিরুদ্ধে বিএনপির মামলা

মেহেরপুরের গাংনীতে বিএনপি অফিস ভাংচুরের অভিযোগে উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারন সম্পাদক অনিকসহ ১৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার গাংনী পৌর যুবদলের আহবায়ক ও সাবেক পৌর কাউন্সিলর সাহিদুল ইসলাম বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটট আদালতে মামলাটি দায়ের করেন।

মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক তদন্তের জন্য পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)কে নির্দেশ দেয়া হয়েছে।

মামলার এজাহারে বলা হয়েছে,গত ১৩ আগষ্ট সকাল সাড়ে ১১ টার সময় মামলার আসামী ছাত্রলীগ নেতাকর্মীরা পূর্ব পরিকল্পিত ভাবে বিএনপি অফিসে হামলা চালিয়ে আসবাবপত্র,মোটরসাইকেল ভাংচুর,সাইবোর্ড ছিড়ে দেয় এমন অভিযোগ তুলে মামলা করা হয়।

গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু বলেন,রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে ব্যার্থ হয়ে অসত্য তথ্য তুলে ধরে ছাত্রলীগ নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। রাজনৈতিক ভাবেই মামলা মোকাবেলা করা হবে।

মামলার বাদী গাংনী পৌর যুবদলের আহবায়ক সাবেক পৌর কাউন্সিলর সাহিদুল ইসলাম বলেন,কোন কারন ছাড়াই বিএনপি অফিসে বারবার হামলার ঘটনা ঘটে। বাধ্য হয়েই মামলা দায়ের করা হয়েছে। সঠিক ভাবে মামলা তদন্ত করা হলে সঠিক তথ্য বের হয়ে আসবে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মো: মকলেছুর রহমান মুকুল বলেন,এমন কোন ঘটনা ঘটেনি যে ছাত্রলীগ নেতাকর্মীদের নামে মামলা করতে হবে। মিথ্যা দিয়ে কখনও রাজনীতি হয়না। এই মামলার ফলে আওয়ামীলীগ ও ছাত্রলীগ সহ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ঐক্যবন্ধ হবে।

মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম ও সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ৫টার দিকে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। পৌর বিএনপির সাধারণ সম্পাদক ওবায়দুল্লাহ ইসলাম সেন্টুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মাহাবুবুর রহমান মাহবুব, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা

মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন,যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাউছার আলী,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় মেহেরপুর সদর,গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিভিন্ন বিক্ষোভ মিছিল করে সমাবেশে যোগদান করে।

এর আগে জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।

কোটচাঁদপুর বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে কোটচাঁদপুর স্থানীয় বাজার চত্বরে জ্বালানি তেল,পরিবহন ভাড়া, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং, দ্রব্য মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি জাতীয় নির্বাহী কমিটি সহ সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। প্রধানবক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটি সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ এম এ মজিদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু।

সভায় বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক, পৌর বিএনপির সহসভাপতি আব্দুর রশিদ সর্দার। এ ছাড়া উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু। উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহবায়ক ফয়েজ আহমেদ তুফান।

এর আগে বিক্ষোভ সমাবেশে যোগ দিতে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন এলাকা থেকে নেতা-কর্মীরা স্থানীয় মেইন বাসস্ট্যান্ডে এসে জড়ো হতে থাকে। পরে মিছিল বের হয়ে কোটচাঁদপুর বাজার চত্বরের সমাবেশে যোগ দেন। সভাটি সঞ্চালনা করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

ঝিনাইদহ জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল

জ্বালানি তেল, পরিবহন খাতে ভাড়া ও সকল পন্যের মূল্যবৃদ্ধিসহ ভোলায় পুলিশের গুলিতে নিহতের ঘটনায় ঝিনাইদহে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে শহরের মর্ডান মোড় থেকে পৌর বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেসক্লাবের সামনে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, এড মুন্সি কামাল আজাদ পান্নু, সাজেদুর রহমান পাপপু, আনোয়ারুল ইসলাম বাদশা, সদর পৌর বিএনপির আহবায়ক মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, পৌর বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, এনামুল কবীর মুকুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফি বিশ্বাস, সহ অংঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি এ্যড এম এ মজিদ বলেন, ভারতের এই

সেবাদাশ সরকার দেশ পরিচালনায় ব্যার্থ। সরকারের মন্ত্রী এমপিরা আউলায়ে গেছে। তাদের লাগামহীন ও দেশ বিরোধী কথায় প্রমান করে দেশের স্বাধীনতা ও সর্বভৌমত্ব ভারতের কাছে ইজারা দিয়েছে।

তিনি বলেন, রক্ত দিয়ে দেশ স্বাধীন হয়েছে ভারতের তাবেদারী করার জন্য নয়। মজিদ বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি করে হাসিনা সরকার দেশকে দুর্ভিক্ষের দিকে ঠেলে দিচ্ছে।

৭ দফা দাবিতে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির লিফলেট বিতরন

৭ দফা দাবিতে শহরে লিফলেট বিতরন করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি। সোমবার বিকালে এ লিফলেট বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সহসভাপতি সাইফুর রহমান কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগাঠনিক সম্পাদক মির্জা টিপু,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল।

পরে ৭ দফা দাবি সম্বলিত লিফলেট শহরের মানুষের মাঝে বিতরণ করেন নেতা-কর্মীরা। ৭ দফার মধ্যে রয়েছে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, পরিবহনের ভাড়াসহ সকল মূল্য বৃদ্ধি, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং ও স্যারের মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদ,দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি, দেশনায়ক তারেক রহমান কে বিনা বাধায় স্বদেশে প্রত্যবর্তন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠা দাবি অন্যতম।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে আগমী ২৪ তারিখের বিক্ষোভ সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা করা হয়।